

# ■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০৮৬]
৪৮/ জিহাদ (کتاب الجهاد والسير)
পরিচ্ছেদঃ ১৯৩৮. জিহাদ হতে প্রত্যাবর্তনের সময় যা বলবে

باب مَا يَقُولُ إِذَا رَجَعَ مِنَ الْغَزْوِ

### আরবী

حَدَّتَنَا عَلِيُّ، حَدَّتَنَا بِشْرُ بْنُ الْمُفَضَلِ، حَدَّتَنَا يَحْيَى بْنُ أَبِي إِسْحَاقَ، عَنْ أَنسِ بْنِ مَالِك ـ رضى الله عنه أَنَّهُ أَقْبَلَ هُوَ وَأَبُو طَلْحَةَ مَعَ النَّبِيِ صلى الله عليه وسلم وَمَعَ النَّبِيِ صلى الله عليه وسلم صَفِيَّةُ مُرْدِفَهَا عَلَى رَاحِلَتِهِ، فَلَمَّا كَانُوا بِبَعْضِ الطَّرِيقِ عَثَرَتِ النَّاقَةُ، الله عليه وسلم وَالْمَرْأَةُ، وَإِنَّ أَبَا طَلْحَةَ ـ قَالَ أَحْسِبُ قَالَ ـ اقْتَحَمَ فَصَرُعَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَالْمَرْأَةُ، وَإِنَّ أَبَا طَلْحَةَ ـ قَالَ أَحْسِبُ قَالَ ـ اقْتَحَمَ عَنْ بَعِيرِهِ فَأَتَى رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ يَا نَبِيَّ اللَّهِ جَعَلَنِي اللَّهُ فِدَاءَكَ، هَلْ أَصَابُكَ مِنْ شَيْءٍ قَالَ " لاَ، وَلَكِنْ عَلَيْكَ بِالْمَرْأَةِ ". فَأَلْقَى أَبُو طَلْحَةَ ثَوْبَهُ عَلَى وَجْهِهِ، هَلْ أَصَابُكَ مِنْ شَيْءٍ قَالَ " لاَ، وَلَكِنْ عَلَيْكَ بِالْمَرْأَةِ ". فَأَلْقَى أَبُو طَلْحَة ثَوْبَهُ عَلَى وَجْهِهِ، هَلْ أَصَابُكَ مِنْ شَيْءٍ قَالَ " لاَ، وَلَكِنْ عَلَيْكَ بِالْمَرْأَةِ ". فَأَلْقَى أَبُو طَلْحَة ثَوْبَهُ عَلَى وَجْهِهِ، فَقَامَتِ الْمَرْأَةُ ". فَأَلْقَى أَبُو طَلْحَة ثَوْبَهُ عَلَى وَجْهِهِ، فَقَصَدَ قَصْدَهَا فَأَلْقَى أَبُو الْمَدِينَةِ ـ أَوْ قَالَ أَشْرَفُوا عَلَى الْمُدينَةِ ـ قَالَ النَّبِيُ صلى الله فَسَارُوا حَتَّى إِذَا كَانُوا بِظَهْرِ الْمَدِينَةِ ـ أَوْ قَالَ أَشْرَفُوا عَلَى الْمُدينَةِ ـ قَالَ النَّبِيُ صلى الله عليه وسلم " آيِبُونَ تَابُبُونَ عَابِدُونَ لِرَبِنَا حَامِدُونَ ". فَلَمْ يَزَلْ يَقُولُهَا حَتَّى دَخَلَ الْمَدِينَةَ.

#### বাংলা

২৮৬৮। আলী (রহঃ) ... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি ও আবূ তালহা (রাঃ) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে চলছিলেন। আর নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সাফিয়া (রাঃ)-ও ছিলেন। তিনি তাঁকে নিজ সাওয়ারীতে তাঁর পিছনে বসিয়ে ছিলেন। পথিমধ্যে এক জায়গায় উটনীটির পা পিছলিয়ে গেল। এতে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ও সাফিয়া (রাঃ) ছিটকে পড়ে গেলেন। আর আবূ তালহা (রাঃ) তাঁর উট থেকে তাড়াতাড়ি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বললেন, 'ইয়া নবী আল্লাহ! আলাহ্ তা'আলা আমাকে আপনার জন্য কুরবান করুন। আপনার কি কোন আঘাত লেগেছে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, না। তবে তুমি মহিলাটির খোঁজ নাও।'

আবূ তালহা (রাঃ) একখানা কাপড় দিয়ে মুখমণ্ডল ঢেকে তাঁর কাছে গেলেন আর সেই কাপড় দিয়ে তাঁকে ঢেকে দিলেন। তখন সাফিয়্যা (রাঃ) উঠে দাঁড়ালেন। তারপর তিনি [আবূ তালহা (রাঃ)] তাঁদের উভয়ের জন্য সাওয়ারীটি



উত্তমরূপে বাঁধলেন। আর তাঁরা উভয়ে (তার উপর) আরোহণ করে চলতে শুরু করলেন। অবশেষে তাঁরা যখন মদিনার উপকণ্ঠে পৌঁছলেন অথবা বর্ণণাকারী বলেন, যখন মদিনার নিকটবর্তী হলেন, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ দু'আ পড়লেন, ''আমরা প্রত্যাবর্তকারী, তাওবাকারী, ইবাদাতকারী এবং আমাদের প্রতিপালকের প্রশংসাকারী।' আর মদিনায় প্রবেশ করা পর্যন্ত তিনি এ দু'আ পড়তে থাকেন।

## **English**

#### Narrated Anas bin Malik:

That he and Abu Talha came in the company of the Prophet (\*\*) and Safiya was accompanying the Prophet, who let her ride behind him on his shecamel. During the journey, the she-camel slipped and both the Prophet (\*\*) and (his) wife fell down. Abu Talha (the sub-narrator thinks that Anas said that Abu Talha jumped from his camel quickly) said, "O Allah's Messenger (\*\*)! May Allah sacrifice me for your sake! Did you get hurt?" The Prophet (\*\*) replied, "No, but take care of the lady." Abu Talha covered his face with his garment and proceeded towards her and covered her with his garment, and she got up. He then set right the condition of their she-camel and both of them (i.e. the Prophet (\*\*)) and his wife) rode and proceeded till they approached Medina. The Prophet (\*\*) said, "We are returning with repentance and worshipping and praising our Lord." The Prophet (\*\*) kept on saying this statement till he entered Medina.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন